# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 10-07-2026** **Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে যারা আয়ুষ্মান ভারতের সুবিধে পাবেন না, তাদের জন্য মুখ্যমন্ত্রী স্বাস্থ্য বীমা যোজনায় ৫ লক্ষ টাকা পর্যন্ত বীমার সুবিধে মিলবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

২) রাজ্য সরকার আশা ও অঙ্গনওয়াড়ি ক্রমীদের সাম্মানিক পাঁচ হাজার টাকা করে বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে তা কার্যকর হবে পয়লা আগস্ট থেকে।

৩) কর্তব্যে গাফিলতির অভিযোগে উত্তর ২৪ পরগনার বারাসাত মেডিকেল কলেজ ও হাসপাতালে ১২ জন কর্মী ও আধিকারিককে শোকজ করেছে কর্তৃপক্ষ।

৪) দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরে সূর্যপুরে গণ প্রহারে মৃত ইন্দ্রজিৎ মন্ডলের বাড়িতে আজ যান আইজি প্রেসিডেন্সি কঙ্কর প্রসাদ বারুই। আগামীকাল মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সেখানে যাবেন।

৫) কলকাতা মেট্রোয় পার্পেল লাইনে ভিক্টোরিয়া স্টেশন পর্যন্ত বোরিং-এর কাজ আজ সকালে সম্পন্ন হয়েছে।

৬) পশ্চিমবঙ্গে জলপথ পরিকাঠামো আরো আধুনিক করে তোলার লক্ষে পরিবহন মন্ত্রী অর্জুন সিং আজ ১০টি আধুনিক গ্যাংওয়ে-কাম-পন্টুন জেটির উদ্বোধন করেন।

৭) সক্রিয় মৌসুমী অক্ষরেখা, গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও সংলগ্ন বাংলাদেশের ওপর সৃষ্ট ঘূর্ণাবর্ত প্রভাবে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় টানা বৃষ্টি চলেছে। মঙ্গলবার পর্যন্ত সব জেলাতেই বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর ।

<u>oooooooooooooooooooooo</u>

রাজ্যে যারা আয়ুষ্মান ভারতের সুবিধা পাবেন না, তাদের জন্য মুখ্যমন্ত্রী স্বাস্থ্য বীমা যোজনায় ৫ লক্ষ টাকা পর্যন্ত বীমার সুবিধে মিলবে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ মূর্শিদাবাদের রেজিনগরে এক দলীয় সভায় একথা ঘোষণা করেন।

(বাইট – মুখ্যমন্ত্রী)

ওই কেন্দ্রে আসন্ন উপ-নির্বাচনের আগে বিজেপি-র সম্ভাব্য প্রার্থীকে ভোট দেওয়ার আহ্বান জানান মুখ্যমন্ত্রী। নাম না করে আমজনতা উন্নয়ন পার্টির চেয়ারম্যান হুমায়ুন কবীরের সাম্প্রতিক উস্কানিমূলক মন্তব্যের সমালোচনাতেও সরব হন তিনি।

এর আগে মুখ্যমন্ত্রী তৃণমূল কংগ্রেস সহ অন্যান্য দল থেকে বিজেপি-তে যোগদানে ইচ্ছুকদের বাছাই করা ও মুর্শিদাবাদ জেলার বিভিন্ন দফতর ও পুরসভার দুর্নীতি খতিয়ে দেখতে দলীয় স্তরে একটি কোর কমিটি গঠনের কথাও ঘোষণা করেন। মুখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণের পর মুর্শিদাবাদে তাঁর প্রথম সফরে শ্রী অধিকারী আজ এক গুচ্ছ কর্মসূচীতে যোগ দেন। বহরমপুর শিল্প তালুকে বে-
বেসরকারি হোটেলে বিজেপির সাংগঠনিক নেতৃত্ব ও বিধায়কদের সঙ্গে বৈঠকের পাশাপাশি ডিস্ট্রিক্ট চেম্বার অফ কমার্স এর প্রতিনিধিদের সঙ্গেও কথা বলেন তিনি। সেখানে বর্ষার মরসুমে বেহাল রাস্তা, বহরমপুর সহ জেলার একাধিক পুরসভা, জেলা পরিষদ ও গ্রাম পঞ্চায়েতের অচলাবস্থা নিয়ে আলোচনা হয়।

এরপর মুখ্যমন্ত্রী_রবীন্দ্রসদনে প্রশাসনিক বৈঠকে যোগ দেন। সেখান থেকে বহরমপুর পুলিশ লাইনে ইন্ট্রিগেটেড কন্ট্রোল রুমেরও উদ্বোধন করেন।

<u>oooooooooooooooooooooo</u>

রাজ্য সরকার, বাজেটে দেওয়া প্রতিশ্রুতি বাস্তবায়ন করে আশা ও , অঙ্গনওয়াড়ি কর্মী এবং অঙ্গনওয়াড়ি সহায়িকাদের সাম্মানিক ৫ হাজার টাকা করে বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। রাজ্যের নারী  শিশুবিকাশ ও সমাজকল্যাণ দফতর এ সংক্রান্ত যে বিজ্ঞপ্তি জারি করেছে।

তা কার্যকর হবে আগামী পয়লা অগস্ট থেকে । এর ফলে অঙ্গনওয়াড়ি কর্মীদের রাজ্য সরকারের অতিরিক্ত সাম্মানিক ৪,৫০০ টাকা থেকে বেড়ে ৯,৫০০ টাকা হবে। কেন্দ্রীয় প্রকল্পের ৪,৫০০ টাকা যোগ করে তাঁদের মোট মাসিক সাম্মানিক দাঁড়াবে ১৪ হাজার টাকা।

অঙ্গনওয়াড়ি সহায়িকাদের ক্ষেত্রেও রাজ্যের অতিরিক্ত সাম্মানিক ৪,৫৫০ টাকা থেকে বেড়ে হচ্ছে ৯,৫৫০ টাকা।  কেন্দ্রীয় অংশের ২,২৫০ টাকা মিলিয়ে তাঁদের মোট মাসিক সাম্মানিক হবে ১১ হাজার ৮০০ টাকা। এই অতিরিক্ত ব্যয়ের সম্পূর্ণ দায় রাজ্য সরকার নিজস্ব তহবিল থেকে বহন করবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। একই সঙ্গে আশাকর্মীদের সাম্মানিকও ৫ হাজার টাকা বাড়ানো হয়েছে। এতদিন তাঁরা মাসে ৬,২৫০ টাকা পেতেন। নতুন সিদ্ধান্তে তাঁদের মোট মাসিক সাম্মানিক বেড়ে দাঁড়াবে ১১ হাজার ২৫০ টাকা।

ooooooooooooooooooooooo

বিজেপি, আশা ও অঙ্গনওয়াড়ি কর্মীদের ভাতা বৃদ্ধির জন্য রাজ্য সরকারকে অভিনন্দন জানিয়েছে। দলের রাজ্য মুখপাত্র দেবজিৎ সরকার কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বলেন, সমাজের একটি বড় অংশ যারা ৩৬৫ দিনই স্বাস্থ্য পরিষেবা সহ অন্যান্য পরিষেবায় যুক্ত তাদের এই ভাতা বৃদ্ধির ফলেই কর্মক্ষমতা, কাজের প্রতি অবদান ও জীবন যাত্রার মানের পরিবর্তন আসবে। বিগত সরকারের আমলে আশা ও

অঙ্গনওয়াড়ি কর্মীদের যে বঞ্চনার স্বীকার হতে হয়েছিল এর মধ্য দিয়ে তার অবশান ঘটবে বলেও তিনি আস্থা ব্যক্ত করেন।

ooooooooooooooooooooooo

আশা কর্মীদের স্বাস্থ্য সংক্রান্ত  পেশাগত কাজ ছাড়াও সরকারি প্রকল্প আয়ুষ্মান ভারত সহ বহুবিধ কাজ চাপিয়ে দেওয়ার প্রতিবাদে বাঁকুড়া জেলাশাসকের কাছে আজ  স্মারকলিপি  দেন পশ্চিমবঙ্গ আশা কর্মী ইউনিয়নের সদস্যরা।

অবিলম্বে এই ধরণের  কাজ থেকে অব্যাহতি চেয়ে জেলাশাসকের দ্বারস্থ হয়ে অব্যাহতি দেওয়ার আবেদন জানান তাঁরা।।

ooooooooooooooooooooooo

কর্তব্যে গাফিলতির অভিযোগে উত্তর ২৪ পরগনার বারাসাত মেডিকেল কলেজ ও হাসপাতালে ১২ জন কর্মী ও আধিকারিককে শোকজ করেছে কর্তৃপক্ষ। এদের মধ্যে চারজন ওয়ার্ড মাস্টার, চারজন নন মেডিকেল সুপার ও প্রসূতি বিভাগের দু-জন সিস্টার ইনচার্জ রয়েছেন। এরা প্রত্যেকেই হাসপাতালে তাদের যথাযথ দায়িত্ব পালন করছিল না বলে অভিযোগ। তদন্তের সেই তথ্য প্রকাশ্যে আসায় স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায়ের নির্দেশে তাদের শোকজ করা হলো বলে হাসপাতালের মেডিকেল সুপারিটেন্ডেন্ট ও ভাইস প্রিন্সিপাল  - এম এস ভি পি, ডাক্তার অভিজিৎ সাহা জানিয়েছেন।

(বাইট – অভিজিত সাহা)

উল্লেখ্য, স্বাস্থ্যমন্ত্রী গতকাল আচমকা ওই হাসপাতাল পরিদর্শন করে পরিকাঠামো, পরিচ্ছন্নতা সহ বিভিন্ন বিষয়ে ক্ষোভ প্রকাশ করেন।

ooooooooooooooooooooooo

কোচবিহারের মাথাভাঙ্গা মহকুমা হাসপাতালে চিকিৎসায় গাফিলতির অভিযোগে আজ  উত্তেজনা ছড়ায়। ফোড়া ও শ্বাসকষ্ট নিয়ে ভর্তি হওয়া মাথাভাঙ্গা শহরের ১ নম্বর

ওয়ার্ডের বাসিন্দা তাপস দাসের মৃত্যুর পর তাঁর পরিবারের অভিযোগ, দীর্ঘ সময় চিকিৎসক উপস্থিত ছিলেন না এবং ফোনে চিকিৎসার পরামর্শ দেওয়া হয়।

এর প্রেক্ষিতে হাসপাতালের সামনে বিক্ষোভ দেখান পরিবার ও স্থানীয়রা। পরে পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

পরিবারের দাবি, চিকিৎসায় গাফিলতির তদন্ত করে দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হোক।

তবে অভিযোগ নিয়ে হাসপাতাল কর্তৃপক্ষ বা সংশ্লিষ্ট চিকিৎসকের কোনও প্রতিক্রিয়া এখনও পাওয়া যায়নি ।

<u>oooooooooooooooooooooo</u>

দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরে সূর্যপুরে গণ প্রহারে মৃত ইন্দ্রজিৎ মন্ডলের বাড়িতে আজ যান আইজি প্রেসিডেন্সি রেঞ্জ কঙ্কর প্রসাদ বারুই। নিহতের পরিবারের সঙ্গে কথা বলেন তিনি।

এদিকে, ইন্দ্রজিতের বাড়ির নিরাপত্তা বাড়াতে সেখানে পুলিশ মোতায়েন করা হয়েছে। বসানো হয়েছে সিসি টিভি। সরকারের পক্ষ থেকে বাড়িটি মেরামতও করা হচ্ছে।

এছাড়াও প্রশাসনের তরফে ইন্দ্রজিতের পরিবারকে খাদ্য সামগ্রী ও ত্রাণ সাহায্য দেওয়া হয়েছে। প্রশাসন এইভাবে সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ায় ইন্দ্রজিতের বৃদ্ধ বাবা-মা সন্তোষ প্রকাশ করেছেন। তবে, দোষীরা যাতে উপযুক্ত শাস্তি পায়, সেই দাবিও করেছেন তারা।

এদিকে, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগামীকাল সূর্যপুরে যাবেন। সেখানে মৃত নাবালিকার বাড়ি ছাড়াও ইন্দ্রজিৎ মন্ডলের বাড়িতেও যাবেন তিনি।

আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও প্রশাসনিক কাজে দ্রুত পদক্ষেপ গ্রহণের জন্য সূর্যপুরে সরকারী উদ্যোগে তৈরি হওয়া স্থায়ী পুলিশ আউটপোস্টেরও আগামীকাল উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী।

উল্লেখ্য, গত মঙ্গলবার তিনি সূর্যপুরে দ্রুত একটি পুলিশ আউটপোস্ট তৈরীর নির্দেশ দিয়েছিলেন।

অন্যদিকে, সিআইডি-র ফরেন্সিক দল আজ বারুইপুর থানায় যান। ঘটনাস্থলে পরিদর্শনের পাশাপাশি বিভিন্ন তথ্যও সংগ্রহ করেন তারা।

রবিবারের ঘটনার পর রেল অবরোধ, ট্রেন চলাচলে বাধা এবং রেললাইন ক্ষতিগ্রস্ত করার ঘটনায় আরও দু'জনকে গ্রেফতার করেছে বারুইপুর জিআরপি। মোট ৪-টি মামলা দায়ের হয়েছে। পুলিশ সূত্রে জানা গেছে, বারুইপুরের ঘটনায় মোট ৪৫ জনকে গ্রেফতার করা হয়েছিল। এদের মধ্যে ১০ জনের বিরুদ্ধে অভিযোগের কোন প্রমাণ না মেলায় তাদের ছেড়ে দেওয়া হয়। এখন ধৃতের সংখ্যা মোট ৩৫।

oooooooooooooooooooooo

কলকাতা মেট্রোয় পার্পেল লাইনে ভিক্টোরিয়া স্টেশন পর্যন্ত বোরিং-এর কাজ সম্পন্ন হয়েছে। মেট্রো রেলের মুখ্য জন সংযোগ আধিকারিক SS Kanan জানিয়েছেন আজ সকাল সাড়ে ১০-টা নাগাদ মেট্রো রেলের জেনারেল ম্যানেজার প্রেম সাগর গুপ্তা এবং মেট্রো, কলকাতা ও হাওড়া পুর নিগমের পদস্থ আধিকারিক ও ইঞ্জিনিয়ারদের উপস্থিতিতে এই কাজ সম্পন্ন হয়।

আগামী তিন বছরের মধ্যে জোকা থেকে এসপ্লেনড পর্যন্ত কাজ সম্পূর্ণ হবে বলে তিনি আশাপ্রকাশ করেন।

(বাইট – SS Kanan)

উল্লেখ্য, এই শাখায় খিদিরপুর থেকে এক্সপ্ল্যানেড পর্যন্ত মাটির তলা দিয়ে লাইন যাবে। এক্সপ্ল্যানেড পর্যন্ত যোগাযোগ স্থাপিত হলে সাধারণ মানুষের বিশেষ সুবিধে হবে বলে মনে করা হচ্ছে।

রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ আজ পার্পেল মেট্রোয় টানেল বোরিং মেশিনের সাফল্যে পুরো দলকেই অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি একে মার্টির নীচে ইঞ্জিনিয়ারিং ক্ষেত্রের সাফল্য হিসেবে অবিহিত করেন।

**oooooooooooooooooooooo**

পশ্চিমবঙ্গে জলপথ পরিকাঠামো আরো  আধুনিক করে তোলার লক্ষে পরিবহন মন্ত্রী অর্জুন সিং আজ  ১০টি আধুনিক গ্যাংওয়ে-কাম-পন্টুন জেটির উদ্বোধন করেন। মেটিয়াব্রুজ ফেরিঘাটে  এক  অনুষ্ঠানে মেটিয়াব্রুজ জেটির পাশাপাশি ভার্চুয়াল মাধ্যমে রাজ্যের আরও ৯টি জেটিরও উদ্বোধন করা হয়।

বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় পশ্চিমবঙ্গ ইনল্যান্ড ওয়াটার ট্রান্সপোর্ট, লজিস্টিক্স অ্যান্ড স্পেশাল ডেভেলপমেন্ট প্রজেক্টের আওতায় এই জেটিগুলি নির্মিত হয়েছে হুগলির চন্দননগর, হালিশহর, পুজালি, বালি, বরানগর, হুগলি, উত্তর ব্যারাকপুরের বাবাজি, বৈদ্যবাটির কানাইদেওয়ান এবং হলদিয়ার কুকড়াহাটিতে।

**oooooooooooooooooooooo**

ভারতীয় উপকূলরক্ষী বাহিনীর উত্তর-পূর্বাঞ্চলের উদ্যোগে কলকাতার আঞ্চলিক সদর দফতরে দু'দিনব্যাপী জেলা ও স্টেশন কমান্ডার এবং ওয়ার্কস কনফারেন্সের আয়োজন করা হয়।  আজ ও গতকাল এই সম্মেলনে পৌরোহিত্য করেন উত্তর-পূর্বাঞ্চলের আঞ্চলিক কমান্ডার।

সম্মেলনে উত্তর-পূর্বাঞ্চলের সামুদ্রিক ও উপকূলীয় নিরাপত্তা, নজরদারি, অনুসন্ধান ও উদ্ধার অভিযান, দূষণ মোকাবিলা, আন্তঃসংস্থা সমন্বয়, প্রশিক্ষণ, রসদ ও সম্পদ ব্যবস্থাপনা এবং  কর্মীদের কল্যাণের মতো বিষয় বিস্তারিত পর্যালোচনা করা হয়। পাশাপাশি বিভিন্ন পরিকাঠামো ও রক্ষণাবেক্ষণ প্রকল্প, বাজেটের ব্যবহার, ভবিষ্যৎ নির্মাণ পরিকল্পনা এবং নির্ধারিত সময়ের মধ্যে গুণগত মান বজায় রেখে প্রকল্প সম্পূর্ণ করার ওপর জোর দেওয়া হয়। পরিবেশবান্ধব 'গ্রিন বিল্ডিং' উদ্যোগের মাধ্যমে শক্তি সাশ্রয়ের বিষয়টিও গুরুত্ব পায়।

বৈঠকে জেলা ও স্টেশন কমান্ডার, আঞ্চলিক সদর দফতরের শীর্ষ আধিকারিক, নির্মাণ শাখার আধিকারিক, মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিস, ডিফেন্স এস্টেট অফিস এবং বিভিন্ন অধীনস্থ ইউনিটের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

**oooooooooooooooooooooo**

সংস্কার ও রক্ষণাবেক্ষণ এর কাজের জন্য আগামী রবিবার সকাল ছটা থেকে রাত দশটা পর্যন্ত ১৬ ঘণ্টা বিদ্যাসাগর সেতুতে যান চলাচল বন্ধ থাকবে। কলকাতা পুলিশের তরফে আজ এক বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়েছে।

**oooooooooooooooooooooo**

কেন্দ্রীয় সরকারের অষ্টম বেতন কমিশনের সদস্যরা গতকাল ও আজ পশ্চিমবঙ্গ সফর করেন। দু'দিনের সফরে বিভিন্ন কর্মরত ও অবসরপ্রাপ্ত কর্মচারী সংগঠনের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করে তাঁদের মতামত নেওয়া হয়। সেই পর্বে আজ কলকাতার নিউ টাউনে অবসরপ্রাপ্ত আইপিএস অফিসারদের সংগঠন সুপারঅ্যানুয়েটেড আইপিএস অফিসার্স অ্যাসোসিয়েশন (সিপসোয়া)-এর প্রতিনিধিরাও কমিশনের সদস্যদের সঙ্গে বৈঠক করেন।

সংগঠনের পক্ষ থেকে প্রাক্তন রাজ্য পুলিশের ডিজি অধীর শর্মা জানান, অবসরপ্রাপ্ত আইপিএস অফিসারদের স্বার্থে কমিশনের কাছে ছয়টি গুরুত্বপূর্ণ প্রস্তাব তুলে ধরা হয়েছে। অধীর শর্মা জানান, কমিশনের সদস্যরা সংগঠনের বক্তব্য মনোযোগ দিয়ে শুনেছেন এবং বিভিন্ন প্রস্তাব নিয়ে আলোচনা করেছেন। কমিশনের কাছে আগেই একটি স্মারকলিপিও জমা দেওয়া হয়েছে বলে তিনি জানান।

**oooooooooooooooooooooo**

কেরলে ভূমিধসে নিখোঁজ পূর্ব মেদিনিপুরের ভগবানপুরের যুবক রাকেশ গুছাইতের মৃতদেহ আজ উদ্ধার হয়েছে । ভগবানপুরের বিধায়ক শান্তনু প্রামাণিক জানিয়েছেন, ময়নাতদন্তের পর আশুতিয়া গ্রামে তার বাড়িতে আনা হবে রাকেশের দেহ।

উল্লেখ্য, কেরালার ওয়েনাড় জেলার কাল্লাডি এলাকায় সুড়ঙ্গ নির্মাণের সময় ভয়াবহ ভূমিধসের পর থেকে নিখোঁজ ছিলেন ভগবানপুর এক নম্বর ব্লকের কোটবাড় গ্রাম পঞ্চায়েত এলাকার ২৪ বছর বয়সী রাকেশ।

আগেই জানানো হয়েছে, ওয়েনাড়ের মেপ্পাডিতে ভারি বৃষ্টির দরুণ নির্মীয়মান সুড়ঙ্গের কাছে ধ্বস নামলে ৯ জন শ্রমিক মাটির নীচে আটকে পড়েন। এদের মধ্যে তিনজনকে প্রথমে মৃত অবস্থায় উদ্ধার করা করা হয়। আজ উদ্ধার হয়েছে রাকেশের দেহ।

<u>oooooooooooooooooooooo</u>

সক্রিয় মৌসুমী অক্ষরেখা, গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও সংলগ্ন বাংলাদেশের ওপর সৃষ্ট ঘূর্ণাবর্ত এবং বাতাসে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প প্রবেশ করায় কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় গতরাত থেকে টানা বৃষ্টি চলেছে। আগামী মঙ্গলবার পর্যন্ত সব জেলাতেই বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর । নদীয়া, বাঁকুড়া ও পূর্ব বর্ধমান জেলায় আজ ভারী থেকে অতি ভারী বৃষ্টির কমলা সতর্কতা এবং কলকাতা, উত্তর ২৪ পরগনা, পশ্চিম মেদিনীপুর, পশ্চিম বর্ধমান, বীরভূম, মূর্শিদাবাদ ও হুগলী জেলায় ভারী বৃষ্টির হলুদ সতর্কতা জারি করা হয়েছে। উপকূলবর্তী এলাকায় ঘণ্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। মৎস্যজীবীদের আজও গভীর সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে। উত্তরবঙ্গে আজ ও আগামীকাল, কোচবিহার,

জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি করা হয়েছে। দার্জিলিং, কালিম্পং ও দুই দিনাজপুরে বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা। দার্জিলিং ও কালিম্পং-এর পাহাড়ী এলাকায় টানা বৃষ্টিতে ভূমি ধ্বসের সতর্কতাও দেওয়া হয়েছে। আবহাওয়া বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন,

(বাইট – সৌরিশ)

এদিকে, শিলিগুড়ি থেকে কালিম্পং ও সিকিমগামী ১০ নম্বর জাতীয় সড়কে ২০ মাইল এলাকায় ধ্বসের জেরে বরদাং এলাকায় যান চলাচল ব্যাহত। গ্যাংটকগামী গাড়িগুলি এক দিক দিয়ে যাতায়াত করছে।

অন্যদিকে, আলিপুরে আজ বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত ২৮ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। টানা বৃষ্টিতে কমেছে তাপমাত্রাও। সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৮ দশমিক ৬ ডিগ্রী সেলসিয়াস। স্বাভাবিকের তুলনায় যা ৪ দশমিক ২ ডিগ্রী কম। বৃষ্টিতে কলকাতার বেশকিছু জায়গায় জল জমে যায়। স্ট্র্যান্ড রোডে একটি গাছ উপড়ে রেলিং ভেঙে পড়ে। গাছের তলায় দাঁড়িয়ে থাকা একটি গাড়িও চাপা পড়ে। এর জেরে সেখানে বেশকিছুক্ষণ যান চলাচল বন্ধ রাখা হয়। পরে দমকল, পুরসভা ও পুলিশ কর্মীদের সহায়তায় গাছ কেটে যান চলাচল স্বাভাবিক করা হয়।

কমিশনার, প্রশাসক স্মিতা পান্ডে জানিয়েছেন, পুরসভার কন্ট্রোলরুম পরিস্থিতির ওপর নজর রাখছে।

**oooooooooooooooooooooo**

পূর্ব মেদিনীপুরের শঙ্করপুর থেকে মাছ ধরতে গিয়ে ট্রলার সহ নিখোঁজ ১৫ জন মৎস্যজীবীর সন্ধানে এখনও তল্লাশি চলেছে। খারাপ আবহাওয়ার দরুণ, তল্লাশি অভিযানে ব্যাঘাত ঘটছে। উপকূলরক্ষী বাহিনী ও লঞ্চের সাহায্যে তল্লাশী চালানো হচ্ছে. গত দোসরা জুলাই জয় মাকালী নামে ওই ট্রলারটি নিয়ে মৎস্যজীবীরা রওনা দেন। নিখোঁজ ১৫ জনের মধ্যে তিনজন ওড়িশার বাসিন্দা।

**oooooooooooooooooooooo**